# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩৭৮

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো পূর্বে উল্লেখিত হাদীস দুটোর বিপরীত

ذِكْرُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّهُ مُضَادٌّ لِلْخَبَرَيْنِ اللَّذَيْنِ ذَكَرْنَاهُمَا قَبْلُ

আরবী

1378 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ عَنْ عَمْرُو بْنُ مَيْمُونٍ الْجَزَرِيُّ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ: عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ أَغْسِلُ الْجَنَابَةَ مِنْ ثَوْبِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَخْرُجُ إِلَى الصَّلَاةِ وَإِنَّ بُقَعَ الْمَاءِ لَفِي ثوبه.

الراوي : عَائِشَة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1378 | خلاصة حكم المحدث: صحيح ـ

বাংলা

১৩৭৮. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাপড় ধৌত করতাম, অতঃপর তিনি সালাত আদায় করার জন্য বের হতেন আর কাপড়ে পানি লাগার জায়গা পরিলক্ষিত হতো।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাপড় থেকে বীর্য ধৌত করতেন, যখন বীর্য তরল থাকতো, কেননা এমন অবস্থায় ধৌত করার মাঝে আত্মিক পরিতৃপ্তি রয়েছে, আর যখন বীর্য থাকতো, তখন তিনি তা হাতের নখ দিয়ে খুঁচিয়ে তুলতেন, অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তা পরিধান করে সালাত আদায় করেছেন। আমরাও এমনটিই বলি এবং সুন্নাহর অনুসরণে এই মতটিই পছন্দ করি। সেটি হলো: বীর্য তরল হলে তা ধুয়ে ফেলতে হবে আত্মিক প্রশান্তির জন্য; এজন্য নয় যে, বীর্য নাপাক। আর বীর্য শুকনো হলে নখ দিয়ে খুঁচিয়ে তুলাই যথেষ্ট।”

## ফুটনোট

[1] আত তায়ালিসী: ১/৪৪; সহীহ আল বুখারী: ২২৯; সহীহ মুসলিম: ২৮৯; নাসাঈ: ১/১৫৬; আবূ আওয়ানা: ১/২০৫; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮৪; ইবনু মাজাহ: ৫৩৮; আবূ দাউদ: ৩৭৩; তিরমিযী: ১১৭; দারাকুতনী: ১/১২৫; বাগাবী, শারহুস সুন্নাহ: ৭৯৭; সহীহ ইবনু খুযাইমাহ: ২৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৩৯৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90692

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন